দৈনিক বাংলা

তারিখ 25 NOV 1992
পৃষ্ঠা ১৬ কলাম ৭

16

# রাকসু নির্বাচন ঃ বিভিন্ন সংগঠনের চূড়ান্ত প্রার্থী তালিকা

নিজস্ব সংবাদদাতা ঃ রাজশাহী, ২৪ নবেম্বর।– রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের গতকাল ছিল মনোনয়নপত্র প্রত্যাহার ও বাছাইয়ের শেষ দিন। শান্তিপূর্ণভাবে ছাত্র সংগঠনগুলো এবং স্বতন্ত্র প্রার্থীদের মধ্য থেকে বেশ কিছু মনোনয়নপত্র প্রত্যাহার করা হয়েছে বলে রিটার্নিং অফিসার জানান।

একই সূত্রে জানা গেছে, জাতীয়তাবাদী ছাত্রদল তাদের ভিপি পদের দু'জন প্রার্থীরই মনোনয়নপত্র প্রত্যাহার করেছে। ফলে তাদের ভিপি পদে কোন প্রার্থী থাকলো না। এছাড়া জিএস পদে ছাত্রদলের ৪ জন প্রার্থীর মধ্যে দুইজন মনোনয়নপত্র প্রত্যাহার করেছে। জিএস পদে ছাত্রদলের মতিউর রহমান মন্টু ও শাহীন শওকত প্রতিদ্বন্দ্বিতা করবে।

এদিকে ছাত্রদল রবি শাখার সভাপতি মোহাম্মদ হারুনর রশিদ এক বিবৃতিতে রাকসু নির্বাচনে ছাত্রদলের অংশগ্রহণ করা থেকে বিরত থাকার সিদ্ধান্তের কথা জানিয়েছেন। বিবৃতিতে তিনি অভিযোগ করেন, ছাত্রদলের রাজশাহী জেলা ও মহানগর এবং স্থানীয় নেতৃবৃন্দ দায়িত্ব এড়িয়ে যাওয়ায় এবং অসহযোগিতা করায় এই পরিস্থিতির উদ্ভব হয়েছে। তিনি বিএনপি'র কেন্দ্রীয় নেতৃত্বকে বিষয়টি তদন্ত করে দেখার জন্য এবং যারা দলের নীতিমালা মানেন না তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান।

অপরদিকে ছাত্রমৈত্রী, ছাত্রলীগ (ম-ই) ছাত্রলীগ (বা-কা), বাসদ ছাত্রলীগ, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্র সমিতি অভিন্ন প্যানেলে নির্বাচন করবে বলে জানা গেছে। তাদের ভিপি পদপ্রার্থী ছাত্রমৈত্রীর মোহাম্মদ মহসিন ও জিএস প্রার্থী ছাত্রলীগের (বা-কা) করিম সিকদার। ইসলামী ছাত্র শিবিরের ভিপি পদপ্রার্থী মতিউর রহমান আকন্দ ও জিএস প্রার্থী আজিজুর রহমান স্বপন। ছাত্র ইউনিয়নের ভিপি আলমগীর হোসেন ও জিএস কাজী গোলাম মোস্তফা।

রাকসু, সিনেটে ছাত্র প্রতিনিধি ও ১২টি হল সংসদের মোট ১৭৪টি পদের জন্য এক হাজার ৫৫৫টি মনোনয়নপত্র জমা পড়ে। এর মধ্যে ভিপি পদে ২৫ জন, জিএস পদে ৩১ জন, সিনেটের পাঁচটি পদে ৯৬ জন এবং ১২টি হল সংসদের ১৫১টি পদে এক হাজার একশ' মনোনয়নপত্র জমা পড়েছিল। রিটার্নিং অফিসার রাত সাড়ে ১১টায় কোন্ পদে কতজন মনোনয়নপত্র প্রত্যাহার করেছে তা জানাতে পারেননি।

তিনি জানান, নির্বাচন পিছিয়ে দেয়ার কোন কারণ নেই। সকল সংগঠন নির্বাচন পিছিয়ে দেয়ার পক্ষে মত দিলে কি হবে– এ প্রশ্নের জবাবে তিনি বলেন, এর আইনগত দিক খতিয়ে না দেখা পর্যন্ত কোন মন্তব্য করা যাবে না।